



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৩৮/২০১৬/১৬৬৭২

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সাতদরগাহ নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর: সাতদরগাহ মাদরাসা, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম এর কামিল (স্নাতকোত্তর) হাদীস ও তাফসীর বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৫.০৯.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস ও তাফসীর বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত (০৪ চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ সকল শূন্যপদ অতিদ্রুত পূরন করতে হবে।
২. অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
৩. সরকারি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।
৪. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করতে হবে এবং বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
৫. নতুন ভবন না হওয়া পর্যন্ত জরাজীর্ণ শ্রেণি কক্ষকে মেরামত করে ব্যবহার উপযোগী করতে হবে।
৬. কলামনার, ক্যাশ বই, হাজিরা খাতা, ছুটি রেজিস্ট্রার, সকল খরচের ভাউচার যথাযথ নিয়মানুযায়ী লিপিবদ্ধ ও সংরক্ষন করতে হবে।
৭. শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজিতে শিক্ষার্থীদের দুর্বলতা নিরসনে শিক্ষকদের কার্যকর ভূমিকা পালন করতে হবে।
৮. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

Domd 11.01.24

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

সাতদরগাহ নেছারিয়া কামিল মাদরাসা

ডাকঘর: সাতদরগাহ মাদরাসা, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৩৮/২০১৬/১৬৬৭২

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, সাতদরগাহ নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর: সাতদরগাহ, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।
৮. অফিস নথি।

Mohd 11/01/24

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪